দৈনিক সংবাদ

তারিখ 24 NOV 1998
পৃঃ 2 কলাম 6

# রাঃবিঃ ছাত্রদল ধর্মঘট ডেকেছে সমাবর্তনের দিন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজশাহী ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের দিনে ছাত্রদল ধর্মঘট ডেকেছে। ২৯শে নভেম্বর সমাবর্তন হওয়ার কথা।

ছাত্রদল ফেব্রুয়ারির মধ্যে রাকসু

ছাত্রদল ঃ পৃঃ ১১ কঃ ২

## ছাত্রদল ঃ ধর্মঘট ডেকেছে

(১ম পৃষ্ঠার পর)

নির্বাচনসহ ১১ দফা দাবিতে ঐ কর্মসূচি দেয়। কর্তৃপক্ষ ঘোষণা করেছেন এপ্রিলের মধ্যে রাকসু নির্বাচন হবে।

আগামী ২৬শে নভেম্বরের মধ্যে ছাত্রদলের ১১ দফা দাবি আদায় না হলে ২৮ ও ২৯শে নভেম্বর ক্যাম্পাসে পূর্ণদিবস ছাত্র ধর্মঘট হবে বলে আজ বিকেলে রাঃবিঃ প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্রদল নেতৃবৃন্দ ঘোষণা দেন। সাংবাদিক সম্মেলনে ছাত্রদল রাঃবিঃ শাখার সাধারণ সম্পাদক তাইফুল ইসলাম টিপু লিখিত বক্তব্যে বলেন, উপাচার্য গত ৪ঠা নভেম্বর ছাত্রদল নেতৃবৃন্দের সাথে আলোচনাকালে ১১ দফা দাবিকে যৌক্তিক উল্লেখ করে ২০শে নভেম্বরের মধ্যে রাজনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহার ও ফেব্রুয়ারি মাসের মধ্যে রাকসু নির্বাচনের তারিখ ঘোষণা করার আশ্বাস দিয়েছিলেন। কিন্তু এপ্রিলে ভর্তি পরীক্ষার সময় রাকসু নির্বাচনের তারিখ ঘোষণা করেছেন, যা সুকৌশলে রাকসু এড়িয়ে যাওয়ার একটি চক্রান্ত।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাংবাদিক সম্মেলনে উথাপিত অভিযোগ অস্বীকার করে বলেছেন, ছাত্রদলের সাথে এ ধরনের কোন আলোচনা হয়নি বা তাদেরকে কোন আশ্বাসও দেয়া হয়নি। উপাচার্য বলেছেন সব সংগঠন চাইলে ফেব্রুয়ারিতেও রাকসু নির্বাচন হতে পারে।